[redacted]

[redacted]

জন্য প্রেরণ করেন। ময়না তদন্ত শেষে গতকাল সেমাবার এশার নামাজ পর নামাজের জানাযা শেষে লাশের দাফন সম্পন্ন করে পরিবারের লোকজন। এদিকে হৃদয় ঘটিত ব্যাপারে কলেজপড়ুয়া একমাত্র ছেলের মৃত্যুতে পরিবার জুড়ে নেমে আসে শোকের মাতম।

সবুজের পরিবার থেকে অভিযোগ তোলা হয় মেয়ের পরিবারের লোকজনের মিথ্যা প্রতিশ্রুতি এবং তা ভঙ্গকরার কারণে সবুজ বিষপান করে আত্নহত্যার পথ বেছে নিতে বাধ্য হয়েছে।

এনিয়ে দর্শনা থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে। এব্যাপারে মেয়ের মা ফাইমা খাতুনকে নাবালক মেয়েকে মোবাইল ফোনে বিয়ে দিয়েছেন বলে। এমন প্রশ্নের জবাবে তিনি বিয়ের বিষয়টি সম্পূর্ণ অস্বীকার করেছেন।

এস আই তাপস সরকার বলেন, ময়না তদন্ত রিপোর্ট আসার পরই জানা যাবে প্রকৃত ঘটনা কি। রিপোর্ট হাতে আসলে তার পর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

দর্শনার আকন্দবাড়িয়া গ্রামে এক প্রতিবন্ধীকে পিটিয়ে রক্তাক্ত জখম

চুয়াডাঙ্গা সদর উপজেলার দর্শনা থানার আকন্দবাড়িয়া নতুন পাড়ার প্রতিবন্ধী কালু (৪০) কে বেধড়ক পিটিয়ে রক্তাক্ত জখম করেছে।

এ ঘটনায় কালু মা বাদি হয়ে দর্শনা থানায় অভিযোগ করেছে। অভিযোগ সুত্রে জানা গেছে সোমবার সকাল ১০ টার দিকে আকন্দবাড়িয়া তামালতলা পাড়ায় গেলে আমার প্রতিবন্ধী ছেলেকে বাঁশদিয়ে এলোপাতাড়ি ভাবে বিভিন্ন ভাবে জখম করে।

আকন্দবাড়িয়া তামালতলা পাড়ার মৃত্য কাশেম আলীর ছেলে ফয়সাল (৪৫) ও সাব্দারের ছেলে অনিক (২২) ও মাসুরা খাতুন।

এ তিন জন মিলে বাক প্রতিবন্ধী কালুকে হাত পা ও গায়ে বাঁশ দিয়ে

আঘাত করে। সাথে সাথে তার মায়ের খবর দিলে ছেলেকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করে। এ ঘটনায় কোন উপায়ন্ত না পেয়ে কালুর মা বাদি হয়ে লিখিত অভিযোগ দায়ের করে থানায়।

পুলিশ বলেছে আমরা অভিযোগ পেয়েছি বিষটি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেব।

গাংনীতে পাওনা টাকা চাইতে গিয়ে পিটুনীর শিকার এক যুবক

পাওনা টাকা চাওয়ায় মামুন হোসেন (৩০) নামের এক যুবককে পিটিয়ে যখম করেছে প্রতিপক্ষরা।

আহত মামুন হোসেন গাংনী পৌর এলাকার ৮ নং ওয়ার্ড বাজারপাড়া এলাকার মোকাদ্দেস আলীর ছেলে।

সোমবার দিবাগত রাত ৮ টার দিকে তাকে পিটিয়ে জখম করে প্রতিপক্ষরা। তাকে পরিবারের লোকজন তাকে উদ্ধার করে প্রথমে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ও সেখানে তার অবস্থার অবনতি হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার করেছেন কর্তৃব্যরত চিকিৎসক।

গাংনী হাসপাতালের জরুরী বিভাগে কর্মরত চিকিৎসক সামসুল আরেফিন জানান, তার শরীরের বিভিন্ন স্থানে মারের আঘাত রয়েছে। তার নাক দিয়ে প্রচুর রক্তক্ষরণ হওয়ায় উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক প্রত্যক্ষদর্শি জানান, জনৈক নারীকে সাড়ে তিন হাজার টাকা ধার দিয়েছেন মামুন হোসেন। সে টাকা চাইতে গেলে ওই নারীর লোকজন তাকে পিটিয়ে আহত করেন।

দামুড়হুদায় পৃথক সড়ক দুর্ঘটনায় কলেজছাত্রসহ নিহত-২ আহত-১

দামুড়হুদা উপজেলায় অবৈধ শ্যালো ইঞ্জিনচালিত আলমসাধু ও মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে দুইজন নিহত হয়েছেন।

সোমবার রাত ৭টার দিকে উপজেলার জয়রামপুর কাঠালতলা বাজারের অদূরে কানাপুকুর নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। এ সময় আরও একজন আহত হয়েছে।

অপর দিকে, বেলা ১১টার দিকে চুয়াডাঙ্গা থেকে দর্শনাগামী শাপলা পরিবহনের একটি বাস হাটকালুগঞ্জ এলাকায় পৌঁছালে পেছন থেকে শ্যালো ইঞ্জিনচালিত আলমসাধু ধাক্কা দেয়।

এতে আলমসাধু নিয়ন্ত্রণ হারিয়ে পাশের পথচারী হাটকালুগঞ্জ গ্রামের আব্দুস সালামের স্ত্রী তাসমিনা খাতুনের (৪০) ওপর পড়ে। পরে গুরুতর আহত তাসমিনাকে উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে।

বিষয়টি নিশ্চিত করেছেন দামুড়হুদা মডেল থানা পুলিশের পরিদর্শক (তদন্ত) আব্দুল্লাহ আল মামুন।

নিহতরা হলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলার আকুন্দবাড়িয়া গ্রামের কায়েসের ছেলে রিফাত (১৮) দামুড়হুদা উপজেলার আমডাঙ্গা গ্রামের ইমান আলীর ছেলে লাল্টু মিয়া (২২) ও আহত একই উপজেলার রামননগর গ্রামের হাফিজুল ইসলামের ছেলে মানিক (১৮)।

প্রত্যক্ষদর্শীরা জানান, চুয়াডাঙ্গা থেকে আরএফএল কোম্পানির একটি আলমসাধু দর্শনায় যাচ্ছিল। এ সময় জয়রামপুর বাজারের অদূরে কানাপুকুর নামক স্থানে পৌঁছালে একটি মোটরসাইকেলের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে মোটরসাইকেল আরোহী লাল্টু ঘটনাস্থলেই নিহত হন।

খবর পেয়ে দর্শনা ফায়ার ও সিভিল ডিফেন্স এর কর্মীরা তাদেরকে উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় রিফাতের মৃত্যু হয়। আহত মানিক চিকিৎসা নিচ্ছেন।

দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে কর্তব্যরত চিকিৎসক ডা. তরিকুল ইসলাম বলেন, চিকিৎসাধীন অবস্থায় রিফাতের মৃত্যু হয়েছে। আহত মানিকের অবস্থা শঙ্কামুক্ত।

দামুড়হুদা মডেল থানা পুলিশের পরিদর্শক (তদন্ত) আব্দুল্লাহ আল মামুন বলেন, ঘটনাস্থলেই লাল্টু মিয়ার মৃত্যু হয়। চিকিৎসাধীন অবস্থায় আরও একজনের মৃত্যু হয়। আহত একজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

গাংনীতে শীতার্ত মানুষের মাঝে প্রধানমন্ত্রীর উপহার বিতরণ

গাংনী উপজেলার বিভিন্ন এলাকার অসহায় শীতার্ত নারীরা পেলো প্রধানমন্ত্রীর দেওয়া বিশেষ উপহার শীতবস্ত্র (চাদর)।

প্রধান অতিথি থেকে শীতবস্ত্র চাদর শীতার্তদের মাঝে বিতরণ করেন মেহেরপুর-২ আসনের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

গাংনী উপজেলার বিভিন্ন এলাকার গরীব অসহায় তিন শতাধিক নারীকে শীতবস্ত্র (চাদর) তুলে দেন তিনি।

সোমবার বিকালে গাংনী পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে আনুষ্ঠানিকভাবে এসব অসহায় নারীদের মাঝে এ শীতবস্ত্র বিতরণ করেন।

শীতবস্ত্র বিতরণ উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা।

বিশেষ অতিথি উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম। এছাড়া উপস্থিত ছিলেন, গাংনী উপজেলা আওয়ামী লীগের সাংগাঠনিক সম্পাদক নজরুল ইসলাম, গাংনী পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, জেলা আওয়ামী লগের মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম, এমপি পত্নী লাইলা আরজুমান বানু, আওয়ামী লীগের বিশিষ্ট নেতা মনিরুজ্জামান আতু। উপজেলার বিভিন্ন এলাকা থেকে নারীরা চাঁদর পেয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও অনুষ্ঠানের

প্রধান অতিথি মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন এমপি ও জন্য প্রাণ খুলে দোয়া করেন।

চুয়াডাঙ্গার তিতুদহ ইউনিযয়ন পরিষদে নৌকা বিজয়ী

চুয়াডাঙ্গা সদর উপজেলার তিতুদহ ইউনিয়নে বেসরকারিভাবে আওয়ামী লীগের প্রার্থী মোঃ শুকুর আলী নৌকা প্রতীকে জয়ী হয়েছেন।

তিনি পেয়েছেন ৫ হাজার ৫’শ ৫৭ ভোট। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী আওয়ামী লীগ নেতা মোঃ মিজানুর রহমান টিপু (আনারস) প্রতীকে পেয়েছেন ৪ হাজার ৩’শ ৭৯ ভোট।

তার নিকটতম প্রতিদন্দী ফারক হোসেন ঘোড়া প্রতিক নিয়ে ভোট পেয়েছেন ৩০৮৬। ইসলামী আন্দোলন হাতপাখা মার্কা ভোট পেয়েছে ২১৭ভোট। মোট ভোট পোল হয়েছে ১৩২৩৯ বাতিল হয়েছে ৩৩২ ভোট। নৌকা প্রার্থী শুকুর আলী ১১৭৮ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন।

কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ছাড়াই শান্তিপূর্ন পরিবেশে এ ইউনিয়নে ভোট অনুষ্ঠিত হয়েছে। ৪ জন চেয়ারম্যান প্রার্থী, ৪১ জন মেম্বার ও ১০ জন সংরক্ষিত মহিলা সবমিলিয়ে মোট ৫৪ জন প্রার্থী এবারের নির্বাচনে অংশ নেয়।

এ ইউনিয়নের মোট ভোটার ১৬ হাজার ৭৪ জন । এর মধ্যে পুরুষ ভোটার ৮ হাজার ১’শ ৬০ জন এবং মহিলা ভোটার ৭ হাজার ৯’শ ১৪ জন। শতকরা ৮৫ ভাগ ভোট পড়েছে আজকের নির্বাচনে।

সীমানা নির্ধারনী মামলায় আইনি জটিলতা কাটিয়ে দীর্ঘ ১১ বছর পর ভোট অনুষ্ঠিত হলো তিতুদহ ইউনিয়নে। চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাচন অফিসার মোঃ কামরুল হাসান বিষয়টি নিশ্চিত করেছেন।

[redacted]

[redacted]

একের পর এক উন্নয়ন কর্মকাণ্ডের মাধ্যমে পাল্টে দেন এলাকার চিত্র। পেয়ে যান বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত নৌকা প্রতিক। শক্তিশালী প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের অনায়াসে পরাজিত করে হয়ে যান চেয়ারম্যান। কেননা তাঁর ছিলো জনসাধারণের উপর একান্ত আস্থা, ভরসা, বিশ্বাস ও ভালোবাসা।

অন্যান্যর মতো তিনিও দেন নানান প্রতিশ্রুতি কিন্তু তিনি সেটি ভূলে যাননি। তারই ধারাবাহিকতায় মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্বাচনী ইশতেহার ‘গ্রাম হবে শহর’ বাস্তবায়নে ভেড়াখালী বাজার মোড় থেকে কবরস্থান মাঠ পর্যন্ত সম্পূর্ণ নিজস্ব অর্থায়নে রোড লাইট দিয়ে আবারও দৃষ্টান্ত স্থাপন করে হতে যাচ্ছেন আলোর ফেরিওয়ালা।

এব্যাপারে হরিণাকুণ্ডু উপজেলার ২নং জোড়াদাহ ইউনিয়নের সচেতন নাগরিক জানান সত্যি বলতে কি হরিণাকুণ্ডুতে এবার সাধারণ জনতা তাদের পছন্দ মতো পরিক্ষিত প্রার্থীকে বেচে নিয়েছেন। শুরু হয়েছে ভালো কাজের প্রতিযোগিতা। ইতিমধ্যে যার সুফল পেতে শুরু করেছে ইউনিয়নবাসি।

এ ব্যাপারে নবনির্বাচিত চেয়ারম্যান তারুণ্যের অহংকার জনাব জাহিদুল ইসলাম বাবু মিয়া জানান, মানুষের শেষ ঠিকানা কবরস্থান,মানুষের জন্য ভালো কাজ করতে পারলে ভালো লাগে। আমি মনে করি এটি নিঃসন্দেহে একটি ভাল কাজ।

অনেকে বলেছিল মরা মানুষদের আবার আলো লাগবে কেন? যে যাই বলুক আমি মানুষের মাঝে এধরণের ভালো কাজ করতে চাই। হতে চাই জনসাধারণের সেবক।

গাংনীতে পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পি এফ জির) ফলোআপ

মিটিং অনুষ্ঠিত

পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পি এফ জির) ফলোআপ মিটিং গাংনী উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে সোমবার বেলা ১১ টার সময় অনুষ্ঠিত হয়েছে।

পি এফ জির সমন্বয়কারী ও করমদি কলেজের শিক্ষক আবু সাদাত মোঃ সায়েমের সভাপতিত্বে অনুষ্ঠিত ফলোআপ মিটিং এ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দি হাঙ্গার প্রজেক্টের আঞ্চলিক সমন্বয়কারী মোঃ খোরশেদ আলম।

বিশেষ অতিথি ছিলেন, যশোরের মনিরামপুর উপজেলা পিএফজির এ্যম্বাসিডর শহিদুল ইসলাম, ভাংবাড়ীয়া ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মোঃ কাওছার আহাম্মেদ বাবলু।

জাতীয় কণ্যাশিশু এ্যাডভোকেসী ফোরামের মেহেরপুর জেলা শাখার সভাপতি ও সাংস্কৃতিক সংগঠক সিরাজুল ইসলাম, সুশানের জন্য নাগরিক (সুজনের) মেহেরপুর জেলা শাখার সাধারণ সম্পাদক ও লুৎফুন্নেসা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ জাকির হোসেন, গাংনী উপজেলার শাখার সভাপতি অবসরপ্রাপ্ত অধ্যাপক আব্দুর রশিদ।

এছাড়া উপস্থিত ছিলেন, পিএফজির এ্যাম্বাসিডর আব্দুল লতিফ, লাইলা আরজুমান বানু, মোঃ শহিদুল ইসলাম বিশ্বাস।
এসময় উপস্থিত ছিলেন দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশের গাংনী এলাকা সমন্বয়কারী মোঃ হেলাল উদ্দিন, পিএফজি সদস্য মনিরুজ্জামান আতু, মিজানুর রহমান, আজিজুল হক রানু, দিলরুবা খানম রুবা, সাংবাদিক জুলফিকার আলী কানন প্রমুখ।

গাংনীতে অনুপ্রেরণা ক্লাবের উদ্যোগে ক্রিকেট

টুর্নামেন্টের উদ্বোধন

মেহেরপুরের গাংনীতে ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

সোমবার বিকালে উপজেলার করমদি গ্রামের অনুপ্রেরণা ক্লাবের উদ্যোগে এ টুর্ণামেন্টের উদ্বোধন করা হয়।

অনুপ্রেরণা ক্লাবের ক্লাবটির পরিচালক (সভাপতি) সাংবাদিক এম এ গালিবের সভাপতিত্বে উদ্বোধন অনুষ্ঠানে সাংবাদিক ফারুক আহমেদ, এম.এ.লিংকন, নুরুজ্জামান পাভেল, মিনারুল ইসলাম, রাকিবুল ইসলাম কবি, আশরাফুল ইসলাম,এস এম তারেক সহ বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

সাংবাদিক এজাজ উদ্দিন ছোটনের সঞ্চালনায় ও রকিবুল ইসলাম কবি আম্পায়ারের দায়িত্ব পালন করেন।

প্রথম দিনের খেলায় কাজিপুর ক্রিকেট একাদশ এবং ভবানীপুর ক্রিকেট একাদশের খেলা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা যুবলীগের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

বাংলাদেশ আওয়ামী যুবলীগের নির্দেশনায় মেহেরপুর জেলা যুবলীগের উদ্যোগে শীতবস্ত্র কম্বল বিতরণ করা হয়েছে। সোমবার বিকেলে মেহেরপুর পৌরসভা ৪ নম্বর ওয়ার্ড কালাচাঁদপুর গ্রামে কম্বল বিতরণ করা হয়।

৪ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি শওকত আলীর সভাপতিত্বে জেলা যুবলীগের আহ্বায়ক ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কালাচাঁদপুর গ্রামের প্রায় সাড়ে ৮ শতাধিক শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করেন।

কম্বল বিতরণ অনুষ্ঠানে মাহফুজুর রহমান রিটন বলেন, আপনারা আমাকে